



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২৯

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 24 SEPTEMBER 2026, THURSDAY | ২৪ সেপ্টেম্বর ২০২৬, বৃহস্পতিবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-291

নবান্নে অনুষ্ঠিত হলো গুরুত্বপূর্ণ ক্যাবিনেট বৈঠক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২৩ সেপ্টেম্বর : রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বুধবার নবান্নে অনুষ্ঠিত হলো মন্ত্রীসভার ক্যাবিনেট এর গুরুত্বপূর্ণ বৈঠক। জানা গেছে বৈঠকে রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়, প্রশাসনিক কার্যক্রম, উন্নয়ন মূলক উদ্যোগ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। রাজ্যের উন্নয়ন ও সাধারণ মানুষের স্বার্থে আগামী দিনের কাজকে আরও কার্যকর ও সুসংগঠিত করার বিভিন্ন দিক নিয়েও আলোচনা করা হয়। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল ও উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক সহ ক্যাবিনেট মন্ত্রীগণ।

দমকল কর্মীদের এবার থেকে পুলিশ দপ্তরের মতোই পদক দিয়ে সম্মানিত করবে রাজ্য সরকার ,বললেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৩ সেপ্টেম্বর : আজ কলকাতা রেড রোডে রাজ্যের অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা কে আরও আধুনিক মানে উন্নীত করার জন্য ২২৬ টি আধুনিক গাড়ি ও সরঞ্জাম পরিষেবায় অন্তর্ভুক্ত করার অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেন যে ,জীবনের ঝুঁকি নিয়ে অন্যের জীবন বাঁচাতে ঝাঁপিয়ে পড়া দমকল বাহিনীকে এবার থেকে পুলিশ দপ্তরের মতোই পদক দিয়ে সম্মানিত করা হবে । রাজ্যের অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবাকে আরও আধুনিক, দ্রুত এবং কার্যকর করে তুলতে দমকল বিভাগে নতুন প্রজন্মের অগ্নি নির্বাপন ও উদ্ধার সরঞ্জামের উদ্বোধন তারই একটি পদক্ষেপ। আজকের এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন ,“পূর্বতন সরকারের আমলে দমকল বাহিনীতে চুক্তিভিত্তিক নিয়োগ হলেও এই ধরনের শৃঙ্খলাবদ্ধ ও দক্ষতা নির্ভর বাহিনীতে স্থায়ী নিয়োগের প্রয়োজন। অতি শীঘ্রই পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে দমকল বিভাগে ১৪০০ টি পদে স্থায়ী নিয়োগ করা হবে। আগামী এক বছরের মধ্যে ২৫০০ টি স্থায়ী পদ সৃষ্টির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। সম্প্রতি তারাপীঠ ও নিউমার্কেটের অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্ধারকার্যে জীবনের ঝুঁকি নিয়ে উদ্ধার কাজ সম্পন্ন করে দমকল বাহিনী যে সাহসিকতার পরিচয় দিয়েছেন সেই কাজের তিনি প্রশংসা করেন এবং তার স্বীকৃতি স্বরূপ দমকল বাহিনীর কর্মীদের ‘জীবন রক্ষা’ পদক দেওয়ার জন্য মাননীয় মুখ্য সচিব ও স্বরাষ্ট্র সচিব কে উদ্যোগ নেওয়ার কথা তিনি বলেন।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



শুভেচ্ছা বার্তা বনমন্ত্রীর আদিবাসী সমাজের মানুষকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ সেপ্টেম্বর : কুমারগ্রাম ব্লকের নিউল্যান্ডস চা বাগানে করম পুজার বিসর্জন ঘাটে দেখা গেল মন্ত্রীর প্রচারের ছবি। আদিবাসী সম্প্রদায়ের অন্যতম বড় উৎসব করম পুজাকে কেন্দ্র করে বিসর্জন ঘাটে ভিড় জমিয়েছিলেন শত শত মানুষ। আর সেই ভিড়কেই কাজে লাগিয়ে প্রচার সারলেন মন্ত্রী। জানা গেছে, প্রতিবছর করম পুজার বিসর্জন উপলক্ষে নিউল্যান্ডস চা বাগানের নদী ঘাটে মেলা বসে। ঢোল-মাদলের তালে, ঐতিহ্যবাহী পোশাকে নাচে-গানে মেতে ওঠেন আদিবাসী সম্প্রদায়ের মানুষ। এবারও তার ব্যতিক্রম হয়নি। সকাল থেকেই বিসর্জন ঘাটে ছিল উপচে পড়া ভিড়। করম পুজা উপলক্ষে মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ শুভেচ্ছা জানিয়ে শতাধিক ফ্লেক্স দেখা গেল রাস্তায়। সব মিলিয়ে করম পুজার বিসর্জন ঘাটে উৎসবের আমেজ জমে উঠেছিল নিউল্যান্ডস চা বাগান নদীর ঘাটে।

শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে আয়োজিত হলো দুর্গাপূজা সমন্বয় বৈঠক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৩ সেপ্টেম্বর : দুর্গা পুজা ২০২৬ এর প্রস্তুতির অংশ হিসাবে বুধবার শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে অনুষ্ঠিত হলো দুর্গাপূজা সমন্বয় বৈঠক। বুধবার একটি বেসরকারি হোটেলের সভা কক্ষে এই বৈঠক আয়োজিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা। উপস্থিত ছিলেন সহকারী পুলিশ কমিশনার, পুলিশের বরিষ্ঠ আধিকারিকগন, এস এস বি, বি এস এফ, দমকল ,বিদ্যুৎ দপ্তর,শিলিগুড়ি পৌর নিগম, শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন পর্যদ,উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদ সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগের আধিকারিকগন ও পূজো উদ্যোক্তাদের প্রতিনিধিগন। জানা গেছে বৈঠকে দুর্গা পূজা উদযাপন ও বিসর্জন ব্যবস্থা সম্পর্কিত সমস্ত নির্দেশনা নিয়ে আলোচনা হয়েছে। পুলিশ কমিশনারেট সূত্রে জানানো হয়েছে পূজাকে নিরাপদ ,নির্বিন্ম এবং বামেলামুক্ত উৎসবের রূপ দানের বিষয়টিকে নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সমস্ত বিভাগগুলির মধ্যে বলিষ্ঠ সমন্বয় গড়ে তোলার উপর জোর দেওয়া হয়েছে। পূজার উদ্যোক্তাদের সরকারি সমস্ত নির্দেশ মেনে পূজার আয়োজন করা ও পূজা প্যাণ্ডেলে শান্তি বজায় রাখার দিকে নজর দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

করম পূজার বিসর্জন ঘাটে সংঘর্ষ এড়াতে কেন্দ্রীয় বাহিনী নিয়োগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ সেপ্টেম্বর : বনমন্ত্রী এবং রাজ্যসভার সাংসদের ঠান্ডা লড়াই যেন সংঘাতে পরিণত না হয় তাই পর্যাপ্ত পরিমাণে পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে কুমারগ্রাম বিধানসভার নিউল্যান্ডস চা বাগানের রায়ডাক ২ নদীর ধুমপাড়া করম পূজার বিসর্জন ঘাটে। আলিপুরদুয়ার জেলার শেষ সীমান্ত নিউ ল্যান্ডস চা বাগান। একদিকে ভুটান সীমান্ত একদিকে জঙ্গল অন্যদিকে পাহাড় একদিকে চা বাগান। আদিবাসী সমাজের অন্যতম বৃহৎ উৎসব বলে প্রচলিত করম পূজা। গতকাল পূজা শেষে আজ বিসর্জন পর্ব। বিসর্জন ঘাটে পাশাপাশি দুটি মঞ্চ একটি রাজ্য সভার সাংসদ প্রকাশ চিক বড়াইক এর অপরটি পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এর। দুজনেই বিজেপির হেভি ওয়েট নেতা বলে চিহ্নিত। দীর্ঘদিন তৃণমুলের জেলা সভাপতি তথা রাজ্যসভার সাংসদ ছিলেন প্রকাশ। সরকার পরিবর্তন হওয়ার পরেই তিনি রাজ্যসভার সাংসদ পদ থেকে ইস্তফা দিয়ে বিজেপির প্রার্থী হয়ে আবার সাংসদ হয়েছেন। যদিও বিষয়টিকে মেনে নিতে পারেননি আলিপুরদুয়ার জেলা বিজেপির নেতৃত্ব থেকে শুরু করে বুখ স্তরের নেতৃত্ব সহ বিজেপি সমর্থকরা। বিশেষ করে কুমার গ্রাম বিধানসভার বিজেপি সমর্থকরা কোনোভাবেই মেনে নেননি প্রকাশকে বিজেপির নেতা হিসেবে। আদিবাসী সমাজের বৃহৎ উৎসব করম পূজা নিয়ে সাংসদ এবং বন মন্ত্রীর লড়াই প্রকাশ্যে এসেছে। পাশাপাশি দুটি মঞ্চ বিসর্জন পর্ব অনুষ্ঠানের। পাশাপাশি দুটি মঞ্চ দূরত্ব বড়জোর ৫০ মিটার। সংঘাত হতে পারে তাই কোন রকম ঝুঁকি নিতে নারাজ প্রশাসনিক কর্তারা। প্রচুর পরিমাণে কেন্দ্রীয় বাহিনী থেকে শুরু করে পুলিশ মোতায়েন করা হয়েছে বিসর্জন ঘাটে। রীতিমতো প্রকাশের মঞ্চকে আগলে রেখেছেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ান গন। তবে রাজ্যসভার সাংসদ সাংবাদিকদের মুখোমুখি হয়ে কিছু বলতে রাজি হননি। তবে তার অনুগামীরা জানিয়েছেন গত ৬ বছর ধরে তারা বিসর্জন ঘাটে মঞ্চ তৈরি করেন এবারও করেছেন। অন্যদিকে মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ প্রকাশের মঞ্চ নিয়ে তেমন কিছু বলতে রাজি হননি। একই পাড়ায় অনেক পূজা হয় পাশাপাশি পূজা কমিটিগুলো পূজা করে করতেই পারে তাতে তার কোন যায় আসে না। তবে এদিন দেখা গেছে দুই মঞ্চে আদিবাসী মানুষের ভিড় ছিল। মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ রীতিমতো মঞ্চ থেকে নেমে জনসমাজে মিশে যায় আদিবাসী সমাজের নৃত্যের তালে ধামসা মাদল বাজিয়ে। তবে শুধু কুমারগ্রাম বিধানসভা নয় আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্ত থেকে বিজেপির নেতৃত্বরা উপস্থিত হয়েছেন বনমন্ত্রী অনুষ্ঠানের মঞ্চে। বিধানসভা ভোটের প্রাক্কালে সাংসদ প্রকাশ চিক বড়াইক তৎকালীন বিধায়ক মনোজ কুমার ওরাওঁকে নানা রকম কটুক্তি করেছেন সেগুলি ভুলে যাননি বিধায়ক তথা মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। রাজ্য এবং কেন্দ্রীয় নেতৃত্ব প্রকাশ কে দলে নিলেও জেলা স্তরের কোন অনুষ্ঠানে দেখা যায়নি প্রকাশকে। তবে করম পূজার বিসর্জন ঘাটের অনুষ্ঠানের আগের দিন সুভাষিনী চা বাগানের মাঠে মুখ্যমন্ত্রীর সভায় তাকে দেখা গেছে। বিজেপির রাজ্যসভার সাংসদ হওয়ার পর কোন দলীয় কর্মসূচিতে তাকে দেখা যায়নি আলিপুরদুয়ার জেলায়। বনদপ্তর এর অনুষ্ঠানে একমাত্র মুখ্যমন্ত্রীর মুখ থেকে শোনা গেছে প্রকাশ চিক বড়াইকের নাম উচ্চারণ করতে। তবে প্রকাশ এবং মনোজের এই ঠান্ডা লড়াই কি মিটেবে ? লাখ টাকার প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে আমজনতার কাছে।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

উদ্ধার চুরি যাওয়া সোনার গহনা ,গ্রেপ্তার দুই

পরিত্যক্ত একটি গাড়ি থেকে উদ্ধার গাঁজা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৩ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার পুলিশ বুধবার দুই জনকে গ্রেপ্তার করে উদ্ধার করে চুরি যাওয়া সোনার গহনা। জানা গেছে মঙ্গলবার মাটিগাড়া বাজারের এক ব্যবসায়ী মাটিগাড়া থানায় লিখিত অভিযোগ করে জানান তার দোকান থেকে সোনার গহনা সমেত একটি ব্যাগ চুরি যায়। ব্যাগে রাখা ছিলো একটি সোনার চেইন,দুটি সোনার চুড়ি, সোনার তৈরি দুটি কানের দুল। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নামে। বিভিন্ন সূত্র ধরে পুলিশ এই চুরি কান্ডে দুই জনকে গ্রেপ্তার করে। ধৃতরা চুরির কথা স্বীকার করে। পুলিশ পুলিশ ধৃতদের হেফাজত থেকে চুরি যাওয়া সমস্ত সোনার গহনাগুলি উদ্ধার করে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৩ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের শীতলকুচি থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার গভীর রাতে একটি পরিত্যক্ত গাড়ী থেকে উদ্ধার করে আটচল্লিশ কেজি দুশো পঞ্চাশ গ্রাম গাঁজা। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে উদ্ধার করা গাঁজা ও গাড়িটি বাজেয়াপ্ত করা হয়। এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL